গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

**নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০০১.২৬.৬

তারিখ: ২৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব এ কে এম আসাদুজ্জামান নূর, কর পরিদর্শক, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-বরিশাল বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের ০২/০৪/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং-০৮.০১.০০০০.০২০.০২.০০৪.১৬/৫৮(৭) মোতাবেক কর পরিদর্শক পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে বিগত ১৮/০৪/২০১৭ খ্রিঃ তারিখে যোগদান করেন। যোগদান পরবর্তীতে তাঁকে কর পরিদর্শক হিসেবে সার্কেল-১৬, লালমোহনে পদায়ন করা হয়। কিন্তু তিনি উক্ত সার্কেলে যোগদান করে প্রায়শই বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। সার্কেল-১৬, (লালমোহন) এর সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রেরিত কারণ দর্শানো নোটিশ ও হাজিরা খাতা অনুযায়ী দেখা যায় যে, তিনি বিভিন্ন সময়ে ধারাবহিকভাবে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকেছেন। এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি সন্তোষজনক জবাব প্রদান করেননি। তিনি বিগত ২২/০২/২৩ খ্রিঃ হতে ০৫/০৩/২৩ খ্রিঃ পর্যন্ত ১২ দিন, ০৯/০৩/২৩ খ্রিঃ হতে ১২/০৩/২৩ খ্রিঃ পর্যন্ত ০৪ দিন, ০৭/০৫/২৩ খ্রিঃ হতে ১৫/০৫/২৩ খ্রিঃ পর্যন্ত ০৯ দিন, ১৮/০৫/২৩ খ্রিঃ হতে ২৯/০৫/২৩ খ্রিঃ পর্যন্ত ১২ দিন, ০১/০৬/২৩ খ্রিঃ হতে ১২/০৬/২৩ খ্রিঃ পর্যন্ত ১২ দিন এবং ১৫/০৬/২৩ খ্রিঃ হতে ১৯/০৬/২৩ খ্রিঃ পর্যন্ত ০৫ দিন মোট ৫৪দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে কর কমিশনারের কার্যালয় হতে তাঁকে এ বিষয়ে ব্যাখ্যা তলব করলে তিনি সশরীরে হাজির হয়ে কৃতকার্যের জন্য ক্ষমা প্রার্থনা করলে ১৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখের পত্রের মাধ্যমে তাঁকে প্রথমবারের মত সতর্ক করা হয়।

২। যেহেতু, পরবর্তীতে তাঁকে বিগত ১৩/০৮/২০২৩ খ্রি. তারিখে পরিদর্শী রেঞ্জ-৪ এ পদায়ন করলে এখানেও তিনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা চলমান রাখেন। পরিদর্শী রেঞ্জ-০৪ হতে প্রেরিত তথ্যে দেখা যায় যে, তিনি ২৪/০৮/২৩ খ্রিঃ হতে ০৪/০১/২৪ খ্রিঃ পর্যন্ত বিভিন্ন সময়ে মোট ১২৬ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে ০৪/০১/২০২৪ খ্রিঃ তারিখে যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-বরিশাল হতে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। উক্ত দুই কর্মস্থলে তিনি মোট ১৮০ দিন বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। তাঁর এ আচরণে অফিসের শৃঙ্খলা নষ্ট হওয়ার পাশাপাশি রাজস্ব আহরণে ব্যাঘাত সৃষ্টি হয়েছে। সার্বিক বিবেচনায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিগত ১৬ জানুয়ারী, ২০২৪ খ্রিঃ তারিখে কঅবরি/পিএফ/২০২৩-২০২৪/৭৮১ নং স্মারকমূলে কর কমিশনার, কর অঞ্চল, বরিশাল কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করা হয়।

৩। যেহেতু, বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে বিগত ১২/০২/২০২৪ খ্রি: তারিখে তাঁকে কারণ দর্শনো নোটিশ প্রেরণ করা হয়। তিনি ২০/০২/২০২৪ খ্রি: তারিখে কারণ দর্শানোর জবাব প্রদান করেন যা সন্তোষজনক নয় বিধায় পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন-০২ শাখার ০৫/০৩/২০২৪ খ্রি: তারিখের ০৮.০১.০০০০.০২০.০১.০৮৮.১৭ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

৪। যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের পরিপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে সশরীরে উপস্থিত হয়ে জবাব প্রদান বা আত্মপক্ষ সমর্থনে কোন লিখিত বক্তব্য প্রদান করেননি। কাজেই তাঁর বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জাতীয় রাজস্ব বোর্ডের ১০/০২/২০২৫ খ্রি: তারিখের ০৮.০১.০০০০.০২০.০১.০৮৮.১৭/৩১৪ নং স্মারকমূলে যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-বরিশাল-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে।

৫। যেহেতু, তিনি বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, সেহেতু তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "ডিজারশন" এর দায়ে অভিযুক্ত করে কেন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)(গ) মোতাবেক সরকারি চাকরি থেকে অপসারণ করা হবে না এ বিষয়ে দ্বিতীয়বার কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে তিনি সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হন।

৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন ''চাকরি হতে অপসারণ'' দন্ড প্রদানের সিদ্ধান্ত সাথে একমত পোষণ করে;

৭। সেহেতু, জনাব এ কে এম আসাদুজ্জামান নূর, কর পরিদর্শক, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-বরিশাল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) মোতাবেক ০৪/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ''চাকরি হতে অপসারণ (Removal from Service)'' দন্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০-০১-২০২৬
জি এম আবুল কালাম কায়কোবাদ
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০০১.২৬.৬/১ (১৬)

তারিখ: ২৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/ কর নীতি/কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/ কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/তথ্য ব্যবস্থাপনা ও সেবা/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
৬। কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
৮। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, বাংলাদেশ।
৯। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী।
১০। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক................../জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..........।
১৩। চেয়াম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়াম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৪। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৫। জনাব এ কে এম আসাদুজ্জামান নূর, কর পরিদর্শক, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-বরিশাল।
১৬। ব্যক্তিগত নথি, .।

১১-০১-২০২৬
জি এম আবুল কালাম কায়কোবাদ
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)